

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : DSE-A-4

(তুলনামূলক সাহিত্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) কালিদাসের 'মেঘদূত' কাব্যের আশ্রয়ে রবীন্দ্রনাথ বিভিন্ন সময়ে কবিতা, প্রবন্ধ রচনা করেছেন। কয়েকটি উল্লেখ করে আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে জয়দেবের প্রভাব কীভাবে পরিলক্ষিত হয়, আলোচনা করো। ১০
- ২। (ক) উনিশ শতকের বাংলা নাট্যচর্চায় শেক্সপীয়রের প্রভাব কতখানি, তা দেখাও। ১০
- অথবা,
- (খ) 'তিরিশের দশকের বাঙালি কবিদের রচনায় এলিয়টের ধ্রুপদী কাব্যাদর্শের প্রভাব সর্বাধিক'। — ব্যাখ্যা করো। ১০
- ৩। (ক) রবীন্দ্রনাথের কবিতা আধুনিক ভারতীয় সাহিত্যকে কীভাবে সমৃদ্ধ করেছে আলোচনা করে বুঝিয়ে দাও। ১০
- অথবা,
- (খ) কথাশিল্পী হিসেবে শরৎচন্দ্র ও মুনী প্রেমচাঁদের তুলনা করো। ১০
- ৪। (ক) প্রাচীন সাহিত্য গ্রন্থে রবীন্দ্রনাথ কীভাবে প্রিয়ংবদা আর অনুসূয়াকে ব্যাখ্যা করেছেন? ৫
- অথবা,
- (খ) 'বিদ্যাপতি জয়দেবের দ্বারা অত্যন্ত প্রভাবিত ছিলেন' — বিশ্লেষণ করো। ৫
- ৫। (ক) বাংলা কবিতায় কবি শেক্সপীয়রের প্রভাব সংক্ষেপে বিবৃত করো। ৫
- অথবা,
- (খ) এলিয়টের 'Journey of the Magi' কবিতাটি রবীন্দ্রনাথকে কীভাবে প্রভাবিত করেছিল? ৫
- ৬। (ক) রবীন্দ্রনাথের আধ্যাত্মিকতাবাদ সমকালীন ভারতীয় কবিদের কীভাবে প্রভাবিত করেছিল? ৫
- অথবা,
- (খ) 'অভাগীর স্বর্গ' ও 'সদগতি' গল্পদুটির সংক্ষেপে তুলনা করো। ৫

Please Turn Over

৭। টীকা লেখো (যে-কোনো একটি)।

৫×১

- (ক) শকুন্তলা
- (খ) ম্যাকবেথ
- (গ) গীতাজলি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

- (ক) রবীন্দ্রনাথের 'প্রাচীন সাহিত্য' গ্রন্থের প্রকাশ কত সালে?
- (খ) রবীন্দ্রনাথের 'মেঘদূত' কবিতা কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (গ) কালিদাসের দু-খানি মহাকাব্যের নাম লেখো।
- (ঘ) 'আমি যদি জন্ম নিতেম কালিদাসের কালে' — কোন কবিতার অংশ?
- (ঙ) 'অভিনব জয়দেব' কাকে বলা হয়?
- (চ) 'চল যাই, জয়দেব, গোকুল-ভবনে তব সঙ্গে', — কবি কে?
- (ছ) 'ভ্রান্তিবিলাস' শেক্সপীয়রের কোন নাটকের অনুবাদ?
- (জ) শাইলক চরিত্রটি শেক্সপীয়রের কোন নাটকে আছে?
- (ঝ) এলিয়টের 'ক্রাইটেরিয়ান' পত্রিকার আদর্শে বাংলায় কোন সাময়িক পত্রিকা প্রকাশিত হয়?
- (ঞ) টি. এস. এলিয়টের 'ওয়েস্ট ল্যান্ড'-এর একজন বাংলা অনুবাদকের নাম লেখো।
- (ট) ঐতিহ্য ও ব্যক্তিগত প্রতিভা বিষয়ক এলিয়টের প্রবন্ধটির নাম লেখো।
- (ঠ) শরৎচন্দ্র ও প্রেমচাঁদের একটি করে উপন্যাসের নাম লেখো।
- (ড) মনুষ্যতর প্রাণীকে নিয়ে লেখা শরৎচন্দ্র ও প্রেমচাঁদের দুটি গল্পের নাম লেখো।
- (ঢ) মহাদেবী বর্মার 'চীনী ফেরিওয়ালা' গল্পটির সঙ্গে রবীন্দ্রনাথের কোন বিখ্যাত ছোটগল্পের তুলনা করা হয়?
- (ণ) রবীন্দ্রসাহিত্যের যে-কোনো দুজন প্রাদেশিক ভাষার অনুবাদকের নাম লেখো।